অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো আসক্তি চিকিৎসা সেবা সম্প্রসারণ করতে 10 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া যাবে বলে ঘোষণা দিলেন

তহবিলটি নিউ ইয়র্ক স্টেটে 40টি পর্যন্ত নতুন শয্যা সমর্থন তৈরি করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে আসক্তি চিকিৎসা সেবা সম্প্রসারণ করতে 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত মূলধন তহবিল পাওয়া যাবে। এই তহবিল পুরো স্টেটে 40টি পর্যন্ত নেশা ত্যাগের পার্শ্বপ্রতিক্রিয়া ও নেশা পরবর্তী স্থিতিশীলতা বা আবাসিক চিকিৎসা শয্যার সমর্থন তৈরি করবে। নিউ ইয়র্ক স্টেটের অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সেবা অফিসের (New York State Office of Alcoholism and Substance Abuse Services, NYS OASAS) মাধ্যমে এই তহবিল পরিচালনা হবে এবং একটি আবেদন অনুরোধ (Request for Applications, RFA) প্রক্রিয়ার মাধ্যমে বিতরণ করা হবে।

"আসক্তি আমাদের সমাজে কষাঘাতের মত যা পুরো স্টেটের অনেক কমিউনিটি ও পরিবারকে বিপর্যস্ত করেছে", **গভর্নর কুওমো বলেছেন।** "এই সম্প্রসারিত সেবা নিরাময়ের পথে ফিরতে চায় এমন সব নিউ ইয়র্কবাসীর প্রতি সমর্থন প্রদানে আমাদের চলমান অঙ্গীকার প্রদর্শন করে এবং চিরকালের মতো এই মহামারী শেষ করতে আমাদের স্টেটের জাতির মধ্যে শীর্ষস্থানীয় প্রচেষ্টার সংযোজন।"

"আমরা মাদকদ্রব্য অপব্যবহারকে সামনে থেকে প্রতিরোধ করতে সাহসী ও আগ্রাসী পদক্ষেপ নিচ্ছি", **বললেন লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, স্টেটের হেরোইন ও আফিমজাতীয় পদার্থ অপব্যবহার টাস্কফোর্সের (Heroin and Opioid Abuse Task Force) সহসভাপতি।** "পুরো স্টেটে আসক্তি সেবা সম্প্রসারণ করতে এই উল্লেখযোগ্য বিনিয়োগ এটি নিশ্চিত করবে যে আসক্তি নিয়ে যারা ভুগছে তারা যেন জীবন-বাঁচানো চিকিৎসা ও সমর্থনের সুযোগ পায়। নিউ ইয়র্ক প্রয়োজন আছে এমন অগণিত ব্যক্তির নিরাময়ের পথ তৈরি করে দিচ্ছে, তাদের আরো স্বাস্থ্যকর ও আরো নিরাপদ জীবনের নিশ্চয়তা দান করে।"

মেডিক্যাল তত্ত্বাবধানে করা নেশা ত্যাগের পার্শ্বপ্রতিক্রিয়া ও নেশা পরবর্তী স্থিতিশীলতা প্রোগ্রামে রয়েছে মেডিক্যাল মূল্যায়ন, নিরাময় সমর্থনের ব্যাপারে তথ্য, পারিবারিক চিকিৎসা, ক্লিনিক্যাল সেবা এবং নেশা ত্যাগের পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ন্ত্রণ করার ঔষধ। এই প্রোগ্রামগুলি হল মানুষকে প্রস্তুত করার জন্য এবং তাদের দীর্ঘমেয়াদি চিকিৎসার সাথে যুক্ত করার জন্য স্বল্পমেয়াদী সেবা।

আবাসিক সেবা প্রোগ্রাম আসক্তির শিকার মানুষকে সুগঠিত চিকিৎসা ও নিরাময় সেবা প্রদান করে। সেবার মধ্যে কাউন্সেলিং, প্রশিক্ষণ, এবং বিনোদনমূলক প্রোগ্রাম অন্তর্গত হতে পারে। এইসব ফ্যাসিলিটি আসক্তিতে ভুগছে এমন মানুষকে পূর্ণাঙ্গ আবাসিক সেবা প্রদান করতে নিউ ইয়র্কের প্রচেষ্টার সমর্থন করবে চিকিৎসার তিনটি অতি প্রয়োজনীয় উপাদান যুক্ত করার মাধ্যমে: নেশা পরবর্তী স্থিতিশীলতা, পুনর্বাসন, এবং পুনঃপ্রতিষ্ঠা।

RFA-এর মাধ্যমে প্রদত্ত তহবিল দেওয়ার জন্য যেইসব এলাকায় বর্তমানে সেবা নেই সেই এলাকার আবেদনকারীদের অগ্রাধিকার দেওয়া হবে। বাছাইকৃত আবেদনকারীদের অবশ্যই কমপক্ষে 16 শয্যা থেকে সর্বোচ্চ 40 পর্যন্ত শয্যা তৈরি ও সমর্থন করতে হবে। তহবিল শুধু নতুন শয্যার জন্য দেওয়া যে, বর্তমানে কার্যকর প্রোগ্রাম রূপান্তর করার জন্য নয়। RFA দেখা যাবে এখানে। 19 ফেব্রুয়ারির মধ্যে উত্তর দিতে হবে।

নিউ ইয়র্ক স্টেটের অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সেবা অফিসের কমিশনার আর্লিন গঞ্জালেস-সানচেজ বলেন। "এই শয্যাগুলি জীবন-বাঁচানো সেবা প্রদান করবে, এবং নিউ ইয়র্কে যেইসব মানুষ তাদের আসক্তির জন্য সাহায্য খুঁজছে তাদের জীবন বদলে দিবে। এই তহবিল দিয়ে আমরা নিউ ইয়র্ক স্টেটের আরো স্থানে প্রয়োজনীয় সেবার ব্যবস্থা করবো এবং আরো মানুষকে তাদের প্রয়োজনীয় চিকিৎসার সাথে যুক্ত করতে পারবো।"

পদগ্রহণের পর থেকে, গভর্নর কুওমো আফিমজাত দ্রব্যের মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেঁচে নিয়েছেন এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবাসহ আসক্তি সেবার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছেন। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, গভর্নর প্রথাগত সেবা সম্প্রসারিত করেছেন, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্প, ওষুধ প্রয়োগ সহযোগী চিকিৎসা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবা।

2016 সালে গভর্নর কুওমোর হেরোইন টাস্ক ফোর্স নতুন, প্রথাগত নয় এমন সেবা সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার সেবা, 24/7 খোলা থাকে এমন কেন্দ্র যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে, এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

মানুষ যাতে আরও দ্রুত চিকিৎসা পেতে পারে সেই জন্য গভর্নর বীমা সীমাবদ্ধতা বাতিল, আফিমজাত প্রেসক্রিপশনের সময় 30 দিন থেকে সাত দিনে কমিয়ে আনা, প্রেসক্রাইবারদের প্রশিক্ষণ ও শিক্ষার উন্নতি আইনসম্মত করা সহ অগ্রসর বিধানিক ও নিয়ন্ত্রক আইন সংশোধন করেছেন। রোগী নিয়ে দালালি এবং আসক্তির ভুয়া চিকিৎসার বিরুদ্ধেও গভর্নর কুওমো পদক্ষেপ নিয়েছেন।

এছাড়াও গভর্নর ন্যালোক্সন প্রশিক্ষণ ও সহজলভ্যতা বৃদ্ধি করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের 300,000 এরও বেশি মানুষ আফিমজাত ওভারডোজ বিরোধ ওষুধ দিয়ে প্রশিক্ষিত ও সজ্জিত হচ্ছে। গভর্নর কুওমোর পদক্ষেপের কারণে, নিউ ইয়র্ক স্টেটের ফার্মেসিগুলি এখন প্রেসক্রিপশন ছাড়াই ন্যালোক্সন দিতে পারছে।

নিজে বা কোনো প্রিয়জন আসক্তিতে ভুগছে এই পরিস্থিতিতে নিউ ইয়র্কের অধিবাসীরা সাহায্য ও আশা খুঁজে পেতে পারে স্টেটের টোলমুক্ত হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) ফোন বা HOPENY (সংক্ষিপ্ত কোড 467369) এ টেক্সটবার্তা পাঠিয়ে, লাইনটি খোলা থাকবে সপ্তাহে 7 দিন এবং দিনে 24 ঘন্টা।

FindAddictionTreatment.ny.gov এর NYS OASAS চিকিৎসা প্রাপ্তি ড্যাশবোর্ড (Treatment Availability Dashboard) ব্যবহার করে বা NYS OASAS ওয়েবসাইট এর মাধ্যমে ইনপেশেন্টের সঙ্কট/ডিটক্স, কমিউনিটি আবাসন, বা আউটপেশেন্টের যত্নসহ আসক্তি চিকিৎসা পাওয়া যাবে। আসক্তির লক্ষণ সম্পর্কে আরও জানতে, কীভাবে সাহায্য পেতে হয় তা দেখার জন্য, এবং প্রিয়জন ও কমিউনিটির সাথে আসক্তি

নিয়ে কথোপকথন চালানোর জন্য প্রয়োজনীয় উপকরণ পেতে ভিজিট করুন CombatAddiction.ny.gov। অ্যালকোহল বা মাদক ব্যবহার প্রতিরোধ করার ব্যাপারে তরুণ কারো সাথে কথা বলার সাহায্যকারী উপকরণ পেতে, ভিজিট করুন স্টেটের টক2প্রিভেন্ট (Talk2Prevent) ওয়েবসাইট।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন